

জনকণ্ঠ

ঢাবি, জবি ও জাবিডে যৌন হয়রানি প্রতিবাদে মানববন্ধন

জনকণ্ঠ ডেস্ক । বর্ষবরণ উৎসবে ঢাকা, জগন্নাথ ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে যৌন হয়রানির প্রতিবাদে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে, ভোলায় এবং গাইবান্ধায় মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ হয়েছে। খবর স্টাফ রিপোর্টার ও নিজস্ব সংবাদদাতাদের পাঠানো।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে এলাকায় নারীদের যৌন হয়রানির ঘটনার প্রতিবাদে রবিবার শাবিতে অনুষ্ঠিত মানববন্ধন ও যৌন মিছিল পরবর্তী সমাবেশে বিশিষ্ট লেখক ও শিক্ষাবিদ ড. মুহম্মদ জাফর ইকবাল বলেছেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ে এলাকায় যৌন হয়রানির ঘটনায় সারাদেশের মানুষ গর্জে উঠেছে। এ বিষয়টি আমাদের জন্য ইতিবাচক। এই জঘন্য অপরাধের সঙ্গে জড়িতদের আইনের আওতায় নিয়ে এসে শাস্তি কার্যকরের দাবি এখন দেশবাসীর।

ভোলা । বর্ষবরণ উৎসবে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে নারী নিপীড়কদের গ্রেফতার ও শাস্তির দাবিতে ভোলায় মানববন্ধন ও সংহতি সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। রবিবার বেলা ১১টার দিকে ভোলা সদর রোডে বাংলাদেশ ছাত্র ইউনিয়ন ভোলা সংসদের আয়োজনে 'ঘণ্টাব্যাপী' মানববন্ধনে সাংবাদিকসহ বিভিন্ন শ্রেণী-পেশার মানুষ অংশ নিয়েছে। সংহতি সমাবেশে ছাত্র ইউনিয়নের ভোলা জেলা শাখার সহ-সভাপতি জাহিদ বকসির সভাপতিত্বে বক্তব্য রাখেন ভোলা কমিউনিস্ট পার্টির সভাপতি মোবাহের উল্লাহ চৌধুরী, বিহঙ্গ সাহিত্য গোষ্ঠীর সভাপতি সাংবাদিক অমিতাভ অপু প্রমুখ।

গাইবান্ধা । গুহেলা বৈশাখে ঢাকা, জাহাঙ্গীর নগর ও জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে নারী নিপীড়নের প্রতিবাদে গাইবান্ধা জেলা শহরের ডিবি রোডে রবিবার এক মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশের কর্মসূচী পালিত হয়েছে। বাংলাদেশ নারী মুক্তিকেন্দ্র ও সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্টের উদ্যোগে এই কর্মসূচী পালিত হয়। মানববন্ধন কর্মসূচী চলাকালে বক্তব্য রাখেন নারী মুক্তিকেন্দ্র জেলা সভাপতি রোকেয়া খাতুন, হালিমা খাতুন প্রমুখ।